T@NB!R 01738359555

অ্যান্টিভাইরাস

বলতে গেলে উইন্ডোজ অপারেটিং সিস্টেমের কম্পিউটারের জন্য অপরিহার্য একটি বিষয়। এই অ্যান্টিভাইরাস জিনিসটা না থাকলে ভাইরাসের কল্যাণে হয়তো মাথার চুল ছিরা ছাড়া আর হয়তো আমাদের তেমন কিছুই করার থাকতো না। বাজারে অনেক ধরনের অ্যান্টিভাইরাস পাওয়া যায়। সবাই বলে তারটাই বেস্ট। কিন্তু আসলেই কী ঠিক । আপনার কে কোন অ্যান্টিভাইরাস ব্যবহার করেন এবং কেনো করেন সে সম্পর্কে জানানোর অনুরোধ করছি। আমার কাছে যে অ্যান্টিভাইরাসগুলো ভালো মনে হয়েছে তার ক্রম নিচে ধারাবাহিকভাবে দেওয়া হলো+ডাউনলোড লিংক (ট্রায়াল ভার্সন)।

1. *Bitdefender Internet Security*
ডাউনলোড লিংক:- এখানে

2. *Kaspersky Internet Security*
ডাউনলোড লিংক:- এখানে

3. *AVG Internet Security*
ডাউনলোড লিংক:- এখানে

4. *Avira Antivirus*
ডাউনলোড লিংক:- এখানে

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

T@NB!R 01738359555

5. *Eset Nod32 Smart Security*
ডাউনলোড লিংক:- এখানে

6. *Norton Internet Security*
ডাউনলোড লিংক:- এখানে

7.*Comodo Internet Security*
ডাউনলোড লিংক:- এখানে

8. *Avast Internet Security*
ডাউনলোড লিংক:- এখানে
অথবা:- এখানে

9. *Spyware Doctor*
ডাউনলোড লিংক:- এখানে
অথবা:- এখানে

10. *McAfee Internet Security*
ডাউনলোড লিংক:- এখানে

11. *Panda Internet Security*
ডাউনলোড লিংক:- এখানে
অথবা:- এখানে

12. *Microsoft Security Essential*
ডাউনলোড লিংক:- এখানে

Tanbir Ahmad Razib
Mobile No:: 01738-359555//01916-457075//
E_Mail :: tanbir_cox@yahoo.com // tanbir.cox@gmail.com
Facebook:: http://www.facebook.com/tanbir.cox (srch: Tanbir Ahmad)

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

Tanbir 01738359555

Web Site :: http://tanbir.99k.org

অনলাইনে সরাসরি ভাইরাস স্ক্যান

কম্পিউটার ব্যবহার করেন অথচ ভাইরাসের কবলে পড়েননি এমন ব্যবহারকারী পাওয়া যাবে না। তবে যারা ইন্টারনেট ব্যবহার করেন তাদের ভাইরাসের সমস্যটা একটু বেশী। ভাইরাসের হাত থেকে বাঁচতে আমরা বিভিন্ন (ফ্রি) এন্টিভাইরাস ব্যবহার করে থাকি। অনেক সময় দেখা যায় একটি এন্টিভাইরাস সব ধরনের ভাইরাস ধরতে পারছে না তবে অন্য একটি এন্টিভারাস সেটি ধরতে পারছে। এক্ষেত্রে আপনি চাইলে একটির বেশী এন্টিভাইরাস কম্পিউটারে ইনষ্টল করা যায় না (কিছু ক্ষেত্র ছাড়া)। এই ঝামেলা থেকে বাচঁতে অনলাইনে সরাসরি ভাইরাস স্ক্যান করে। নিচে এমনই কিছু এন্টিভাইরাসের ওয়েব সাইটের ঠিকানা ও বর্ণনা দেওয়া হলে:

১) ট্রেন্ড মাইক্রো হাউজ কল (http://housecall.trendmicro.com): এর জন্য জাভা বেসড ওয়েব ব্রাউজার প্রয়োজন (ইন্টারনেট এক্সপ্লোরারে এবং ফায়ারফক্সে)। এই সাইটে lpt$vpn.### ডেফিনেশন ফাইল ডাউনলোডে একটু

T@NB!R 01738359555
সময় বেশী লাগে। এখঅনে ভাইরাস স্ক্যান করা এবং তা মুছে ফেলা যাবে।
২) বিট ডিফেন্টার অনলাইন স্ক্যানার (www.bitdefender.com/scan8/ie.html): এর জন্য শুধুমাত্র ইন্টারনেট এক্সপ্লোরারে (একটিভএক্স লাগবে) চলবে। এই সাইটে ভাইরাস স্ক্যান করা যাবে এবং মুছে ফেলা যাবে।
৩) এফ-সিকিউর অনলাইন ভাইরাস স্ক্যানার (http://support.f-secure.com/enu/home/ols.shtml): এটিও শুধুমাত্র ইন্টারনেট এক্সপ্লোরারে (একটিভএক্স লাগবে) চলবে। এই সাইটে ভাইরাস স্ক্যান করা এবং মুছে ফেলা যাবে তবে প্রথমবার ৩৫ মেগাবাইট ডাউনলোড করতে হবে।
৪) ইসেট অনলাইন স্ক্যানার (www.eset.com/onlinescan): এটিও শুধুমাত্র ইন্টারনেট এক্সপ্লোরারে (একটিভএক্স লাগবে) চলবে। তবে নির্দিষ্ট ফাইল বা ফোল্ডার কাষ্টমাইজ ভাবে স্ক্যান করা যাবে না। এই সাইটে ভাইরাস স্ক্যান এবং মুছে ফেলা যাবে তবে ভাইরাস স্ক্যানের পরে তা নির্দিষ্ট করে দিতে হবে।
৫: পান্ডা একটিভ স্ক্যান (www.pandasecurity.com/homeusers/solutions/activescan): এটিও শুধুমাত্র ইন্টারনেট এক্সপ্লোরারে (একটিভএক্স লাগবে) চলবে। এখানে কাষ্টমাইজ ভাবে স্ক্যান করা যাবে। এছাড়াও রয়েছে পিসি পিটস্টপ ভাইরাস স্ক্যান যা মূলত একই।
৬) সিএ অনলাইন ভাইরাস স্ক্যানার (http://ca.com/us/securityadvisor/virusinfo/scan.aspx): এটিও শুধুমাত্র ইন্টারনেট এক্সপ্লোরারে (একটিভএক্স লাগবে) চলবে। এখানে কাষ্টমাইজ ভাবে স্ক্যান করা এবং মুছে ফেলা যাবে।

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

৭) ন্যানো স্ক্যান (www.nanoscan.com/download): এটি ইন্টারনেট এক্সপ্লোরারে (একটিভএক্সসহ) এবং ফায়ারফক্সে (এক্সটেনশন) চলবে। এখানে কোন ফাইল স্ক্যান করা যাবে না শুধুমাত্র মেমোরি স্ক্যান করা যাবে খুবই দ্রুত।

৮) আইওলো অনলাইন ভাইরাস স্ক্যানার (www.iolo.com/threatcenter/virusscan.aspx): এটি শুধুমাত্র ইন্টারনেট এক্সপ্লোরারে (একটিভএক্স লাগবে) চলবে। এটির খারাপ দিক হচ্ছে এটি ট্রোজন ভাইরাস ডিটেক্ট করতে পারে না।

৯) কমান্ড অন ডিমান্ড (www.commandondemand.com/eval/cod/codie.htm): এটি শুধুমাত্র ইন্টারনেট এক্সপ্লোরারে (একটিভএক্স লাগবে) চলবে। এখানে কাষ্টমাইজ ভাবে ফাইল স্ক্যান করা যাবে। কিন্তু এটিও ট্রোজন ডিটেক্ট করতে পারে না। এছাড়াও ফ্রিডোম নামে আরেকটি অনলাইন ভাইরাস স্ক্যানার রয়েছে।

১০) এ-স্কয়ার্ড ওয়েব মেলওয়্যার স্ক্যানার (www.emsisoft.com/en/software/ax): এটি শুধুমাত্র ইন্টারনেট এক্সপ্লোরারে (একটিভএক্স লাগবে) চলবে। এতে প্রথম বারের মত ২০ মেগাবাইট ডাউনলোড করতে হবে। এখানে কাষ্টমাইজ ভাবে স্ক্যান এবং ভাইরাস রিমুভ করা যাবে। এর আরেকটি অনলাইন স্ক্যানার হচ্ছে উইন্ডোজ সিকিউরিটি যা মূলত একই।

১১) ইওয়াইড্যু এন্টি-স্প্যাইওয়্যার অনলাইন স্ক্যানার (www.ewido.net/en/onlinescan): এটিও শুধুমাত্র ইন্টারনেট এক্সপ্লোরারে (একটিভএক্স লাগবে) চলবে। এখানে কাষ্টমাইজ ভাবে স্ক্যান করা যাবে এবং ভাইরাস মুছে ফেলা যাবে।

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

TANBIR 01738359555
১২) ওয়ানকেয়ার সেফটি স্ক্যানার (http://onecare.live.com/site/en-US/center/howsafe.htm): এটিও শুধুমাত্র ইন্টারনেট এক্সপ্লোরারে (একটিভএক্স লাগবে) চলবে। এখানে কাষ্টমাইজ ভাবে স্ক্যান করা যাবে এবং ভাইরাস মুছে ফেলা যাবে। তবে ডাউনলোডর সময়টা একটু বেশী লাগবে।

১৩) ক্যাসপারস্কাই অনলাইন স্ক্যানার (www.kaspersky.com/virusscanner) : এটিও শুধুমাত্র ইন্টারনেট এক্সপ্লোরারে (একটিভএক্স লাগবে) চলবে। এখানে প্রথমবারেরমত ১৬ মেগাবাইটের ডেফিনেশন ফাইল পরবর্তীতে আপডেট ফাইল ডাউনলোড করতে হবে। এখানে শুধুমাত্র ভাইরাস স্ক্যান করা যাবে কিন্তু রিমুভ করা যাবে না।

১৪) ম্যাকআফি ফ্রিস্ক্যান (http://us.mcafee.com/root/mfs/default.asp): এটিও শুধুমাত্র ইন্টারনেট এক্সপ্লোরারে (একটিভএক্স লাগবে) চলবে। প্রথমবারের মত ডেফিনেশন এবং একটিভএক্স ডাউনলোড করতে হবে। এটি ট্রোজন ডিটেক্ট করতে পারে না এবং শুধুমাত্র স্ক্যান করতে পারে।

১৫) সিমেন্টিক সিকিউরিটি চেক (http://security.symantec.com/default.asp?productid=symhome&langid=ie&venid=sym): এটিও শুধুমাত্র ইন্টারনেট এক্সপ্লোরারে (একটিভএক্স লাগবে) চলবে। এখানে কাষ্টমাইজ স্ক্যান করা এবং ভাইরাস মুছে ফেলা যাবে না।

১৬) এইচনএনল্যাব মাইভিত অনলাইন এন্টিভাইরাস স্ক্যানার (http://global.ahnlab.com/global/products/myv3.html): এটি ইন্টারনেট এক্সপ্লোরারে (একটিভএক্সসহ) এবং ফায়ারফক্সে (এক্সটেনশন) চলবে। কিন্তু

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

অনেক সময় লাগে। এখানে শুধুমাত্র ভাইরাস স্ক্যান করা যায়।

Tanbir Ahmad Razib

Mobile No:: 01738-359555//01916-457075//

E_Mail :: tanbir_cox@yahoo.com // tanbir.cox@gmail.com

Facebook:: http://www.facebook.com/tanbir.cox (srch: Tanbir Ahmad)

Web Site :: http://tanbir.99k.org

Tanbir 01738359555

অনলাইনে প্রায় অর্ধশত এন্টিভাইরাস দ্বারা ফাইল স্ক্যান করা

ফাইলের ভাইরাস বা ম্যালওয়্যার স্ক্যান করার বেশ কিছু ওয়েবসাইট আছে। তবে ভাইরাস টোটাল সাইটের প্রায় অর্ধশত এন্টিভাইরাসগুলোর মধ্যে ক্যাসপারস্কি, এভিরা, বিট ডিফেন্ডার, ই-সেফ, মাইক্রোসফট, ম্যাকাফি, সিমেনটিক, পিসি টুলস, এভিজি, পান্ডা, এভাস্ট, কমোডো, ড. ওয়েব অন্যতম। সাইটটিতে সরাসরি ফাইল আপলোড করে স্ক্যান করা যাবে। এছাড়াও ভাইরাসটোটাল আপলোডার দ্বারা এক ক্লিকে ফাইল আপলোড করে স্ক্যান করার ব্যবস্থা আছে। ওয়েবসাইটির ঠিকানা হচ্ছে

www.virustotal.com, আর www.virustotal.com/advanc

T@NB!R 01738359555
ed.html থেকে আপলোডার ডাউনলোড করা যাবে যা সেন্টটুতেও ব্যবহার করা যাবে। তবে এই সাইটে ২০ মেগাবাইট পর্যন্ত ফাইল স্ক্যান করা যাবে। এছাড়াও ভাইরাস টোটাল সাইটটিতে ইউআরএল স্ক্যান করার ব্যবস্থা আছে।

অনলাইনে একসাথে ২১টি এন্টিভাইরাসে ফাইল স্ক্যান করা

বিভিন্ন এন্টিভাইরাস ওয়েবসাইটে অনলাইনেই ভাইরাস স্ক্যান করার ব্যবস্থা আছে। তবে একটি সাইটে যদি জনপ্রিয় ২১টি এন্টিভাইরাস দ্বারা ফাইল স্ক্যান করা যায় তাহলে কেমন হয়! এমনই একটি ম্যালওয়্যার স্ক্যান করার ওয়েব সাইট হচ্ছে জ্যোত্তি ডট অর্গ। এই ম্যালওয়্যার স্ক্যান সাইটে বিনামূল্যে ফাইল স্ক্যান করা যাবে। তবে এখানে ১৫ মেগাবাইট পর্যন্ত ফাইল এখানে স্ক্যান করার ব্যবস্থা আছে। সাইটটির ২১টি এন্টিভাইরাসের মধ্যে ক্যাসপারস্কি, এভিরা, বিট ডিফেন্ডার, এভিজি, পান্ডা, এভাস্ট, ড. ওয়েব অন্যতম। সাইটির ঠিকানা

www.jotti.org।

ওয়েব লিংকের জন্য এন্টিভাইরাস

ওয়েবসাইট, ইমেইল বা সার্চইঞ্জিন থেকে বিভিন্ন সময় আমরা বিভিন্ন ওয়েব লিংকে ক্লিক করে

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

T@NB!R 01738359555
ওয়েবসাইটগুলোতে ঢুকে থাকি। এসব সাইট নিরাপদ কিনা তা আগে থেকে পরীক্ষা বা স্ক্যান করা যাবে ইন্টারনেট এক্সপ্লোরারে এবং ফায়ারফক্সে। এজন্য http://securebrowsing.finjan.com থেকে ফায়ারফক্সের জন্য এ্যাড-অন্স বা ইন্টারনেট এক্সপ্লোরারের জন্য সেটআপ ফাইল ডাউনলোড করে ইনস্টল করে নিন। এবার যেকোন সাইটে ঢুকলে দেখবেন উক্ত সাইটে থাকা ওয়েব লিংকগুলো স্ক্যান করছে। সাইটটি নিরাপদ হলে টিক চিহ্ন আসবে আর স্ক্যান না করতে পারলে জিজ্ঞাসা চিহ্ন এবং নিরাপদ না হলে ক্রশচিহ্ন আসবে। এবার আপনি সিদ্ধান্ত নিতে পারবেন এসব সাইটে আপনি ঢুকবেন কিনা।

ব্রাউজারে থেকেই ভাইরাস স্ক্যান করুন

।

নানা কারণে কম্পিউটারে ভাইরাস স্ক্যান করতে হয়। কিন্তু অনেক সময় কম্পিউটারে অ্যান্টি ভাইরাস হালনাগাদ করা থাকে না। এ রকম মুহূর্তে ওয়েবসাইট দেখার সফটওয়্যার (ব্রাউজার) মজিলা ফায়ারফক্স ব্যবহারকারীরা ব্রাউজার থেকেই কম্পিউটারের সিস্টেম ফাইলগুলো স্ক্যান করে নিতে পারেন। এ জন্য আপনার লাগবে ‘বিটডিফেন্ডার কুইকস্ক্যান’ নামের একটি প্রোগ্রাম (অ্যাড-অনস)। প্রোগ্রামটি http://addons.mozilla.org/en-US/firefox/addon/161837 ঠিকানা থেকে নামিয়ে নিন। এখন ফায়ারফক্স

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

T@NB!R 01738359555

পুনরায় চালু (রিস্টার্ট) করুন। দেখুন ব্রাউজারে সবার নিচে ডানে Bitdefender quickscan নামে একটি আইকন এসেছে। এই আইকনে ক্লিক করলেই কম্পিউটারের সিস্টেম ফাইলগুলো স্ক্যান করা শুরু হবে। স্ক্যান শেষে Report বাটনে ক্লিক করে দেখে নিতে পারেন স্ক্যানের ফলাফল। তবে এই প্রোগ্রামকে অ্যান্টি ভাইরাসের বিকল্প ভাববেন না, কম্পিউটারের শতভাগ নিরাপত্তার জন্য সব সময় হালনাগাদ অ্যান্টি ভাইরাস ব্যবহারের চেষ্টা করুন।

Windows Firewall কী আর কীভাবে কাজ করে জেনে নিন



আমাদের মধ্যে অনেকেই জানি না যে, ফায়ারওয়ালের কাজ কী, কীভাবে কাজ করে..

সর্বপ্রথম ফায়ারওয়াল আসে উইন্ডোজ এক্সপি-তে, ফায়ারওয়াল কম্পিউটারে তথ্যের আসা-যাওয়া নিয়ন্ত্রণ করে ও কম্পিউটারকে নিরাপদ রাখতে সাহায্যকরে।

এটি হার্ডওয়্যার ও সফটওয়্যার দুই ধরনের হতে পারে। নেটওয়ার্ক বা ইন্টারনেটের মাধ্যমে আসা

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

কম্পিউটার ভাইরাস, ওয়ার্ম, স্পাইওয়্যার ইত্যাদি আটকে রাখতেই ফায়ারওয়াল ব্যবহার করা হয়। মূলত তিনভাবে ফায়ারওয়াল এ কাজটি করে থাকে। যার মধ্যেরয়েছে প্যাকেট ফিল্টারিং, প্রক্সি সার্ভিস এবংতথ্য সঠিক কি না তার পরীক্ষা পদ্ধতি। এসব পদ্ধতির একটি বা একাধিক একসঙ্গে ব্যবহার করে নেটওয়ার্কের তথ্যপ্রবাহ নিয়ন্ত্রণ করে থাকে ফায়ারওয়াল। মাইক্রোসফট করপোরেশন এবারই প্রথম তাদের অপারেটিং সিস্টেমের সঙ্গে ফায়ারওয়াল সুবিধা যোগ করেছে বিনামূল্যে। উইন্ডোজ এক্সপি অপারেটিং সিস্টেমের সঙ্গে থাকা এই ব্যক্তিগত ফায়ারওয়ালটির নাম ইন্টারনেট কানেকশন ফায়ারওয়াল (আইসিএফ)।

উইন্ডোজ এক্সপিতে আইসিএফকে কাজে লাগাতে প্রথমে Start/Control panel/Network connection-এ ক্লিক করতে হবে। এবার কাঙ্ক্ষিত নেটওয়ার্কে সংযোগ নির্বাচন করে বাঁ দিক থেকে Change Settings of this connection-এ ক্লিক করতে হবে। Properties থেকে Advanced ট্যাবে যেতে হবে এবং Protect my computer and network বক্সে ক্লিক করুন। এবার নিচের settings বাটনে ক্লিক করতে হবে।

Advanced settings উইন্ডোতে তিনটি ট্যাব রয়েছে—Services, Security logging & ICMP। সার্ভিস ট্যাবে ব্যবহারকারীর জন্য সার্ভারে বা নেটওয়ার্কে সক্রিয় সেবার তালিকা পাওয়া যায়। এখান থেকে কোনো সার্ভিস সিলেক্ট করলে আইসিএফ

নেটওয়ার্ক বা ইন্টারনেটের অন্যান্য ব্যবহারকারী তা ফায়ারওয়াল ভেদ করে ব্যবহার করতে পারবে। সিকিউরিটি লগিং ট্যাবে আইসিএফের লগ ফাইলের (ferewall.log) আকার ও অবস্থান নির্ধারণ করতে পারবে। সব কাজ শেষে ok করে বেরিয়ে আসতে হবে অথবা Start/Control panel/Windows Firewall-এ যেতে হবে এরপর Turn Windows Firewall on or off-এ যেতে হবে, এবার Turn on করে দিতে হবে.....বেস কাজ শেষ।

প্রায় আমাদের ইন্টারনেট প্রভাইডাররা বলে দেয় যে, উইন্ডোজ ফায়ারওয়াল বন্ধ রখতে। কারন, ফায়ারওয়াল ইন্টারনেট ব্রাউজ করার সময় প্রত্যেকটি ফাইল চেক করে এবং ইন্টারনেট-এর সাধারন গতিকে স্লো করে দেয় তাই আমি আপনাদের সাজেশন দিচ্ছি যে, ফায়ারওয়াল বন্ধ রাখুন....Start/Control panel/Windows Firewall-এ যেতে হবে এরপর Turn Windows Firewall on or off-এ যেতে হবে, এবার Turn off করে দিতে হবে.....বেস কাজ শেষ।

Tanbir 01738359555

অফলাইনে অ্যান্টিভাইরাস আপডেট করা

ব্যক্তিগত বা অফিসের কমপিউটারকে সুরক্ষিত করতে চান সবাই। আপনি যদি উইন্ডোজ ব্যবহারকারী হয়ে থাকেন, তাহলে

T@NB!R 01738359555

এই কমপিউটারকে ভাইরাস, ট্রোজান, ম্যালওয়্যার, স্পাইওয়্যার থেকে রক্ষা করতে অবশ্যই অ্যান্টিভাইরাস ব্যবহার করতে হবে। বলা যায়, অ্যান্টিভাইরাস ব্যবহার করাটা উইন্ডোজ ব্যবহারকারীদের জন্য বাধ্যতামূলক। বাজারে ও ইন্টারনেটে বিভিন্ন ধরনের প্রচুর অ্যান্টিভাইরাস রয়েছে। আপনার চাহিদা অনুযায়ী অ্যান্টিভাইরাস ব্যবহার করে দেখতে পারেন, তবে সফটওয়্যারটি ডাউনলোড করার আগে এর রিভিউ ও রেটিং দেখে নিলে বুঝতে সুবিধা হবে এই অ্যান্টিভাইরাস সম্পর্কে অন্য ব্যবহারকারীদের মতামত কী ও কোন অ্যান্টিভাইরাস কেমন।

অ্যান্টিভাইরাস কিনে বা ডাউনলোড করে ইনস্টল করলেই হলো না। এই অ্যান্টিভাইরাসকে নিয়মিত আপডেট করতে হবে। কারণ, প্রায় প্রতিদিনই নিত্যনতুন ভাইরাস ছড়িয়ে পড়ছে। অ্যান্টিভাইরাস আপডেট করতে পারেন দু'ভাবে। এক. ইন্টারনেটে সংযোগ থাকা অবস্থায় আপডেট করতে বা আপডেটেড ফাইল ইন্টারনেট থেকে ডাউনলোড করে নিয়ে তা ম্যানুয়ালি অ্যান্টিভাইরাসকে আপডেট করে নিতে পারেন। দুই. কমপিউটারে ইন্টারনেটের সংযোগ না থাকে

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

T@NB!R 01738359555
যেকোনো স্থান বা যে কমপিউটারে ইন্টারনেট সংযোগ রয়েছে সেখান থেকে আপডেটেড ফাইল ডাউনলোড করে পেনড্রাইভ বা সিডিতে রাইট করে আপনার কমপিউটারে ম্যানুয়ালি আপডেট করে নিতে পারেন। আবার অনেক সময় দেখা যায়, অটোম্যাটিক্যালি আপডেট করেছেন কিন্তু উইন্ডোজ নতুন করে ফরমেট দিলে বা অন্য কমপিউটারের এই অ্যান্টিভাইরাসকে আপডেট করতে হলে আবার ইন্টারনেটের সংযোগের প্রয়োজন হয়। সেক্ষেত্রে আপডেট ফাইলকে ডাউনলোড করে নিয়ে অনেকবার এবং একাধিক কমপিউটারের অ্যান্টিভাইরাসকে আপডেট করে নিতে পারেন। এর জন্য বারবার আপনাকে ইন্টারনেট থেকে উল্লিখিত ফাইলটি ডাউনলোড করতে হবে না। এবারের সংখ্যায় ম্যানুয়ালি অফলাইনে কিভাবে অ্যান্টিভাইরাস আপডেট করা যায় তা নিয়ে আলোচনা করা হয়েছে।

অ্যাভাইরা অ্যান্টিভাইরাস ডেফিনেশন আপডেট

অ্যাভাইরা অ্যান্টিভাইরাস আপডেট ফাইল হিসেবে ভাইরাস ডেফিনেশন ফাইল ব্যবহার করে থাকে। এই আপডেট ফাইল ইন্টারনেট থেকে যেকোনো কমপিউটারে ডাউনলোড করে নিয়ে তা পেনড্রাইভ, সিডি, ডিভিডি দিয়ে আপনার কমপিউটারে বা একাধিক কমপিউটারে নিয়ে ব্যবহার করতে পারেন।

ব্যবহার

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

TANBIR 01738359555

ধরে নিচ্ছি, আপনার কাছে অ্যাভাইরা অ্যান্টিভাইরাসের ভাইরাস ডেফিনেশন আপডেট ফাইল রয়েছে। ফাইলটি জিপ অর্থাৎ *.zip ফরমেটে থাকবে। কমপিউটারের কোনো ড্রাইভে একটি ফোল্ডার তৈরি করে আপডেট ফাইলটি কপি করে এনে এখানে রাখুন।

এবার টাস্কবার থেকে অ্যাভাইরার আইকনের ওপর ডবল ক্লিক করে মেনুবারে দেখুন Update নামে একটি মেনু রয়েছে, এখানে ক্লিক করলে দুই ধরনের অপশন দেখতে পারবেন। 1. Start Update, 2. Manually Update। অপশন দুই অর্থাৎ ম্যানুয়ালি আপডেটে ক্লিক করলে একটি উইন্ডো প্রদর্শিত হবে। আপনার ড্রাইভের যে ফোল্ডারে আপডেটেড ফাইলটি রেখেছিলেন, তার পাথ দেখিয়ে দিয়ে জিপ ফাইলটি সিলেক্ট করে দিন। স্বয়ংক্রিয়ভাবে অ্যান্টিভাইরাসটি এই আপডেট ফাইল থেকে নিজেকে আপ- টু- ডেট করে নেবে ও Successfully updated মেসেজ প্রদর্শন করবে। মনে রাখবেন, জিপ ফাইলকে আনজিপ করবেন না।

অফলাইনে এভিজি আপডেট করা

সময়মতো অ্যান্টিভাইরাসের ভাইরাস ডাটাবেজকে আপডেট রাখার জন্য প্রয়োজনীয় উপাদান হিসেবে কাজ করে থাকে। যদি এভিজি অ্যান্টিভাইরাস ব্যবহারকারী হয়ে থাকেন, তাহলে এই অ্যান্টিভাইরাসকে নিয়মিত আপ- টু- ডেট রাখতে হবে, যা কমপিউটারের

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

T@NB!R 01738359555
সুরক্ষায় ভালো ভূমিকা রাখবে। ইন্টারনেট থেকে এভিজি অ্যান্টিভাইরাসের ভাইরাস ডেফিনেশন ফাইল আপনার কমপিউটারে ডাউনলোড করে নিন বা অন্য কমপিউটার থেকে ডাউনলোড করে তা পেনড্রাইভে করে নিয়ে আসুন। আপনার কমপিউটারের হার্ডডিস্কে ফোল্ডার তৈরি করে তাতে আপডেট ফাইলটি রাখুন।

ব্যবহার

টাস্কবার হতে এভিজি আইকনের ওপর ডান ক্লিক করে Open AVG User Interface-এ ক্লিক করুন অথবা আইকনের ওপর ডবল ক্লিক করুন। এবার ওপরের মেনু বার হতে Tools-এ ক্লিক করে টুল মেনু হতে Update from directory মেনুতে ক্লিক করুন। এতে একটি উইন্ডো খুলবে, যেখানে আপনাকে আপডেটেড ফাইলের লোকেশন দেখিয়ে দিতে হবে। যদি সঠিকভাবে অ্যান্টিভাইরাস আপডেট করতে পারেন, তাহলে Update was finished successfully মেসেজ দেখাবে।

অফলাইনে ESET NOD 32 আপডেট

ESET NOD 32 অ্যান্টিভাইরাস ইতোমধ্যে ব্যাপক সাড়া জাগাতে সক্ষম হয়েছে। অন্যান্য অ্যান্টিভাইরাসের মতো এই অ্যান্টিভাইরাসকেও ম্যানুয়ালি আপডেট করা যায় এবং এর জন্য আপনাকে প্রথমেই আপডেটেড ফাইলটি ইন্টারনেট থেকে ডাউনলোড করে কমপিউটারের যেকোনো ড্রাইভে একটি ফোল্ডারে

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

T@NB!R 01738359555
রাখতে হবে।

ব্যবহার

অন্যান্য অ্যান্টিভাইরাস থেকে একটু ভিন্ন এই অ্যান্টিভাইরাসটি আপডেট করার পদ্ধতি। আপডেটেড ফাইলটি আনজিপ করুন। ধরে নিচ্ছি, D ড্রাইভের ESET_Update ফোল্ডারে আনজিপ ফাইলগুলো রেখেছেন। অর্থাৎ ফাইলের লোকেশন হবে D:\ESET_Update।

ধাপ- ১ :
এবার টাস্কবার হতে ইসেট bW ৩২ অ্যান্টিভাইরাসের আইকনে ডবল ক্লিক করে ESET Antivirus-এর কন্ট্রোল প্যানেল ওপেন হওয়ার পর Update অপশনে ক্লিক করুন। ওপরের দিকে দেখুন Setup নামে একটি অপশন রয়েছে, এই অপশনে ক্লিক করে Advance Setup-এ ক্লিক করুন।

Tanbir 01738359555

ধাপ- ২ :
অ্যাডভান্স সেটআপের যে উইন্ডো প্রদর্শিত হবে এর Antivirus and Antispyware মেনু হতে Update-এ ক্লিক করুন। এখানে দেখুন Update Settings for Selected Profile-এ Update Server-এ Choose automatically সিলেক্ট করা আছে। এর পাশে যে Edit অপশন রয়েছে এতে ক্লিক করুন।

ধাপ- ৩ :
Update server list নামে একটি উইন্ডো প্রদর্শিত হবে। এখানে Update Server-এর নিচে আপডেট ফাইলের লোকেশনটি টাইপ করুন

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

T@NB!R 01738359555
অর্থাৎ D:\ESET_Update টাইপ করার পর Add বাটনে ক্লিক করলে Update server list-এ D:\ESET_Update লোকেশন দেখাবে। একে ক্লিক করে ওকে বাটনে প্রেস করে অ্যাডভান্স সেটআপের উইন্ডোটি বন্ধ করুন।

ধাপ- ৪ :
এবার Update মেনু হতে Update virus signature database-এ ক্লিক করলে আপনার সেট করে দেয়া লোকেশন হতে অ্যান্টিভাইরাসকে আপডেট করে নেবে এবং অ্যান্টিভাইরাসকে আপ- টু- ডেট রাখবে। তবে অন্য সময় অ্যান্টিভাইরাসকে সরাসরি ইন্টারনেট থেকে আপডেট করতে হলে অ্যাডভান্স সেটআপ অপশন থেকে Choose automatically সিলেক্ট করে দিতে হবে।

এখানে তিনটি অ্যান্টিভাইরাসকে ম্যানুয়ালি বা অফলাইনে আপডেট করার পদ্ধতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে। ম্যানুয়ালি বা অফলাইনে অ্যান্টিভাইরাস আপডেট পদ্ধতির বিস্তারিত জানার জন্য ভিজিট করুন http://rony-blog.co.nr।

পিসি'র সুরক্ষায় অ্যাভাস্ট অ্যান্টিভাইরাস

অ্যান্টিভাইরাস সম্পর্কে প্রতি সংখ্যায় লেখা দেখে অনেক পাঠকই জানতে চাচ্ছেন, কোন অ্যান্টিভাইরাসটি বেশি ভালো। পাঠকের প্রশ্নের উত্তরে বলতে হচ্ছে সব অ্যান্টিভাইরাসেই

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

T@NB!R 01738359555
কিছু না কিছু বাড়তি সুবিধা রয়েছে, যা অন্য অ্যান্টিভাইরাস থেকে একে আলাদা করে থাকে। অনেক ভাইরাস, ট্রোজান, স্পাইওয়্যার রয়েছে, যা এক অ্যান্টিভাইরাস রিমুভ করতে না পারলেও অন্য অ্যান্টিভাইরাস তা রিমুভ করতে পারছে। তাই সঠিকভাবে বলা সম্ভব নয় কোন অ্যান্টিভাইরাস ভালো আর কোন অ্যান্টিভাইরাস ভালো নয়। জনপ্রিয় অ্যান্টিভাইরাসগুলোর মধ্যে অন্যতম একটি হলো অ্যাভাস্ট অ্যান্টিভাইরাস। ওয়েবসাইট থেকে বিনামূল্যে অ্যান্টিভাইরাসটি ডাউনলোড করে নিতে পারেন। অ্যাভাস্ট হোম এডিশনটি ফ্রি এবং এর সাথে যুক্ত রয়েছে স্পাইওয়্যার প্রটেকশনের সুবিধাও। সফটওয়্যারের লিঙ্ক পেতে ভিজিট করুন : http://rony-blog.co.nr, www.avast.com

অথবা ওয়েবসাইট থেকে অ্যাভাস্ট অ্যান্টিভাইরাসের হোম ভার্সন ডাউনলোড করে ব্যবহার করতে পারেন অথবা অ্যাভাস্ট প্রোফেশনাল এডিশন কিনতে পারেন, যা হোম ভার্সন থেকে বেশি সুবিধা ও সিকিউরিটি দেবে। অ্যাভাস্ট অ্যান্টিভাইরাসের হোম এডিশনে যেসব ফিচার রয়েছে তা নিচে আলোচনা করা হয়েছে।

অ্যাভাস্টের ফিচারগুলো

অ্যান্টিভাইরাসের সাথে বিল্টইন অবস্থায় রয়েছে অ্যান্টিস্পাইওয়্যার অ্যান্টি রুটকীট। সেলফ প্রটেকশন, অ্যান্টিভাইরাস কার্নেল, সিম্পল ইউজার ইন্টারফেস, রেসিডেন্ট

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

T@NB!R 01738359555
প্রটেকশন, পি২পি শীল্ড, নেটওয়ার্ক শীল্ড, ওয়েব শীল্ড, অটোম্যাটিক আপডেট, ভাইরাস চেস্ট, সিস্টেম ইন্ট্রিগেশন, ইন্ট্রিগেটেড ভাইরাস ক্লিনার্স, সাপোর্ট ৬৪ বিট উইন্ডোজসহ আরো বেশ কিছু সুবিধা রয়েছে এতে।

সিস্টেম প্রয়োজনীয় :

উইন্ডোজ ৯৮/২০০০/এক্সপি/ভিসতাতে অ্যাভাস্ট অ্যান্টিভাইরাস ব্যবহার করা যাবে। অ্যান্টিভাইরাস ইনস্টল করার জন্য হার্ডডিস্কে ১০০ মেগাবাইট স্পেসের প্রয়োজন হবে। অপারেটিং সিস্টেম যত আপগ্রেড সিস্টেমের হবে তার র‍্যামের পরিমাণ তত বেশি হলে ভালো।

অ্যাভাস্ট অ্যান্টিভাইরাস ইনস্টলেশন :

অন্যান্য অ্যান্টিভাইরাসের মতো এই অ্যান্টিভাইরাসের ইনস্টলেশন প্রক্রিয়া একই ধরনের। এর ইনস্টলেশন শেষে কমপিউটারকে রিস্টার্ট করলে ইনস্টলেশন পুরোপুরী সম্পন্ন হবে।

অ্যাভাস্ট অ্যান্টিভাইরাস ব্যবহার :

অ্যাভাস্ট অ্যান্টিভাইরাস সিস্টেমকে সব ধরনের ম্যালওয়্যার থেকে রক্ষা করে। কেননা অ্যান্টিভাইরাসের সাথে শক্তিশালী রেসিডেন্ট প্রটেকশন ও অন- অ্যাক্সেস প্রটেকশন সুবিধা রয়েছে। রেসিডেন্ট প্রটেকশনে কমপিউটারকে ভাইরাস হতে সব ধরনের প্রটেকশনের সুবিধা দেবে, যেমন- কমপিউটারে ইনস্টল করা থাকলে নিয়মিত ব্যাকগ্রাউন্ডে

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

TANBIR 01738359555
প্রটেকশনের স্ক্যান চালাবে ও কমপিউটারের সব কার্যকলাপ মনিটর করবে।

রেসিডেন্ট (অন- অ্যাক্সেস) প্রটেকশন :

সব ধরনের ভাইরাসের হাত থেকে কমপিউটার ও অন্যান্য প্রোগ্রামকে সুরক্ষা দিতে রেসিডেন্ট (অন-অ্যাক্সেস) প্রটেকশন নিয়মিত আপনার কমপিউটারকে মনিটর করবে। কমপিউটার অন করার সাথে সাথেই এর কাজ শুরু হয়। কমপিউটারের ঘড়ির পাশে দেখুন a-ball-এর একটি আইকন রয়েছে। এই আইকনটি দেখে আপনার কমপিউটারের স্ট্যাটাস বুঝা যাবে। আইকনের গায়ে লাল রঙের কোনো দাগ না থাকলে বুঝতে হবে। কমপিউটারে অ্যান্টিভাইরাসটি সক্রিয় অবস্থায় রয়েছে। লাল রঙের দাগ থাকলে বুঝতে হবে অ্যান্টিভাইরাসটি নিষ্ক্রিয় অবস্থায় রয়েছে ও কমপিউটার তখন ভাইরাস থেকে রক্ষা পাওয়ার জন্য অপ্রস্তুত। a-ball-এর আইকনে ডবল ক্লিক করলে চিত্র- ১- এর মতো একটি উইন্ডো প্রদর্শিত হবে, যার Start বাটনে ক্লিক করে রেসিডেন্ট প্রটেকশন চালু বা Pause বাটনে প্রেস করে পজ করে রাখতে পারেন। রেসিডেন্ট প্রটেকশনের মাধ্যমে ইনস্ট্যান্ট ম্যাসেজিং, ইন্টারনেট মেইল, আউটলুক/এক্সেঞ্জ, পিটুপি শীল্ড, স্ক্রিপ্ট ব্লকিং, স্ট্যান্ডার্ড শীল্ড, ওয়েব শীল্ডের সাহায্যে নানা ধরনের প্রটেকশনের সুবিধা পাবেন।

রেসিডেন্ট প্রটেকশনের Details বাটনে চাপলে উইন্ডোতে

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

TANBIR 01738359555
প্রটেকশনের লিস্ট দেখাবে।

ম্যানুয়ালি স্ক্যান করা :

অ্যাভাস্ট অ্যান্টিভাইরাস ইনস্টল করে রান করলে প্রথমে সিলভার- গ্রে রংয়ের ছোট উইন্ডো প্রদর্শিত হবে। এখানেই বেশ তথ্যাবলী দেখাবে। যেমন :

০১. ছোট উইন্ডোটির প্রথমেই দেখুন কোন ভার্সনের ভাইরাস প্রটেকশনের জন্য ডাটাবেজ ব্যবহার করা হচ্ছে, তার লিস্ট দেখাবে।

০২. রেসিডেন্ট প্রটেকশনের কোন স্ট্যাটাস ব্যবহার করছেন, তা দেখাবে।

০৩. শেষ কবে কমপিউটার স্ক্যান করেছেন, তার তারিখ দেখাবে।

০৪. আপনার কমপিউটারের সব ইনস্টল করা সফটওয়্যারের বর্ণনা ও ক্ষতি হয়েছে, এমন সব সফটওয়্যারের তথ্য দেখাবে।

০৫. এই অংশে অটোম্যাটিক আপডেট করার তথ্য দেখাবে। এখানে ডাটাবেজ ও প্রোগ্রাম আপডেট করার ধরন সেট করে রাখতে পারেন।

অন্যান্য অংশ :

অ্যাভাস্ট অ্যান্টিভাইরাসের উইন্ডোটি প্রদর্শিত হলে বেশ কিছু অপশন রয়েছে, যা নিচে দেয়া হয়েছে।

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

০১. উইন্ডোর বাম পাশের উপরের দিকে রয়েছে Virus Chest, যা দিয়ে কমপিউটারে যেসব ফাইল কাজ করছে তার তথ্য দেখাবে।

০২. বাম পাশের মাঝে যে বাটন রয়েছে, তা দিয়ে Resident Protection-এর ধরন সেট করতে পারেন। এখানে একটি স্লাইডার অপশন থাকবে, যা বাড়িয়ে বা কমিয়ে অ্যান্টিভাইরাসের সেনসিভিটির মাত্রা সেট করতে পারেন।

০৩. বাম পাশের নিচের দিকে যে বাটন রয়েছে তা থেকে এই টুলের আপডেট ডাটাবেজের বর্তমান স্ট্যাটাস দেখতে পাবেন এবং এতে ক্লিক করে ইন্টারনেট হতে অ্যান্টিভাইরাসের ডাটাবেজ আপডেট করে নিতে পারেন।

০৪. কমপিউটারের সব ডাটা স্ক্যান করার জন্য ডান পাশের ওপরের দিকে একটি বাটন রয়েছে, যেখানে ক্লিক করে লোকাল ড্রাইভের স্ক্যানের পারমিশন অন বা অফ করতে পারবেন।

০৫. রিমুভেবল মিডিয়াকে স্ক্যান করার জন্য রয়েছে আলাদা অপশন। ডান পাশের মাঝের বাটনে ক্লিক করে রিমুভেবল মিডিয়া স্ক্যানের পারমিশন অন বা অফ সেট করতে পারেন।

০৬. নির্দিষ্ট ফোল্ডার বা লোকেশনকে স্ক্যান করার জন্য ডান পাশের নিচের বাটনে ক্লিক করুন।

০৭. এখানে Start, Stop, Pause

প্রভৃতি বাটন ব্যবহার করে কমপিউটারের স্ক্যান চালু বা বন্ধ বা কিছু সময়ের জন্য পজ করে রাখতে পারেন।

অ্যান্টিভাইরাসের সুবিধাগুলো সম্পর্কে জানার জন্য ইন্টারনেট হতে হোম ভার্সনটি ডাউনলোড করে ব্যবহার করে দেখুন। অ্যান্টিভাইরাস ইনস্টল করার সাথে সাথেই ইন্টারনেট হতে আপডেট করেই ব্যবহার করবেন।

Tanbir Ahmad Razib
Mobile No:: 01738-359555//
01916-457075//
E_Mail :: tanbir_cox@yahoo.com // tanbir.cox@gmail.com
Facebook:: http://www.facebook.com/tanbir.cox (srch: Tanbir Ahmad)

Web Site :: http:// tanbir.99k.org